কালের কণ্ঠ

তারিখ ... 28 AUG 2017 ...
পৃষ্ঠা ২৩ ... কলাম ৮ .....

প্রতিবন্ধী ছাত্রকে ক্লাসে কান ধরে উঠবোস, বাড়ি ফেরার পথে মৃত্যু!

নিজস্ব প্রতিবেদক, চট্টগ্রাম ▷

চট্টগ্রামের পটিয়া উপজেলার মনসা স্কুল অ্যান্ড কলেজের ষষ্ঠ শ্রেণির প্রতিবন্ধী শিক্ষার্থী মো. ফারুককে শ্রেণিকক্ষে ১৮ বার কান ধরে উঠবোস করানোর পর বাড়ি ফেরার পথে তার মৃত্যু হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। গতকাল রবিবার বিকেলে এ ঘটনা ঘটে।

প্রতিষ্ঠানের অধ্যক্ষ নুরুল আলম ফারুকী বলেন, 'শিক্ষার্থী ফারুক শারীরিক প্রতিবন্ধী। গতকাল পৌনে ৪টায় সপ্তম ঘণ্টায় ক্লাস নিতে যান সহকারী শিক্ষিকা তাহেরা বেগম। ক্লাসে পড়া না পারায় শিক্ষার্থীদের কান ধরে উঠবোস করানো হয়। কিন্তু ছুটির পর যে যার বাড়িতে চলে যায়। পরে শুনেছি, বাড়ি যাওয়ার পথে ফারুক অসুস্থ হয়ে পড়ে। পরে তাকে পটিয়া স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়। সেখানে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।'

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মইনুদ্দিন মজুমদার জানান, 'সন্ধ্যায় ফারুকের মৃত্যুর খবর শুনে আমি ওই শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধানকে আমার কার্যালয়ে ডেকে পাঠাই। এ সময় শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান দাবি করেন, ফারুককে কান ধরে উঠবোস করানো হয়নি। ফারুক শারীরিকভাবে দুর্বল

▶▶ পৃষ্ঠা ৮ ক. ৫

প্রতিবন্ধী ছাত্রকে —

▶▶ শেষ পৃষ্ঠার পর

ছিল বলে তার বাবা আগেই জানিয়েছিলেন, তার হার্টে ব্লকও ছিল।' এক প্রশ্নের জবাবে শিক্ষা কর্মকর্তা বলেন, 'ক্লাসের সব শিক্ষার্থীকে জিজ্ঞাসাবাদ করলে প্রকৃত তথ্য জানা যাবে।'

পটিয়া থানার ওসি শেখ নেয়ামত উল্লাহ বলেন, 'আমি ঘটনাস্থল পরিদর্শন করেছি। ফারুকের মা-বাবা জানিয়েছেন, জন্মের পর থেকেই হার্টের রোগে আক্রান্ত ছিল ফারুক। তার হার্টে ব্লক ছিল। এই কারণে ছেলের মৃত্যুর বিষয়ে তাঁরা কারো বিরুদ্ধে মামলা করতে চান না। এ ছাড়া বিনা ময়নাতদন্তে ফারুকের দাফনের জন্য আবেদন করতে চান। এই বিষয়ে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সঙ্গে আলাপ শেষে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।'

কপি
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.....
তারিখ.....

চীফ, পরিসংখ্যান বিভাগ	
চীফ, ডি.এল.পি বিভাগ	
সিস্টেম এনালিষ্ট	
সিস্টেম ম্যানেজার	
প্রশাসনিক কর্মকর্তা	
পি.এ.	

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর